

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আজ বুধবার কেন্দ্রীয় শহীদ মিনারে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়েছে বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)।

দিবসটি উপলক্ষে বিআইসিএম এর পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব নাজমুছ সালেহীনের নেতৃত্বে ইনস্টিটিউটের পক্ষ থেকে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এ সময় ইনস্টিটিউটের সহযোগী অধ্যাপক ড. নাছির উদ্দিন, উপ-পরিচালক জনাব মোঃ সিরাজুল ইসলাম ও ডেপুটি রেজিস্টার জনাব আসিফ ইমরানসহ ইন্সটিটিউটের কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

এর আগে মঙ্গলবার (২০ ফেব্রুয়ারি ২০২৪) মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ইনস্টিটিউটের মাল্টিপারপাস হলে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করা হয়। ইনস্টিটিউটের নির্বাহী প্রেসিডেন্ট ড. মোহাম্মদ তারেক এর সভাপতিত্বে ও উপ-পরিচালক জনাব মোঃ সিরাজুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় আরো বক্তব্য দেন পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব নাজমুছ সালেহীন, সহযোগী অধ্যাপক ড. নাছির উদ্দিন ও প্রভাষক জনাব ফাইমা আক্তার। আলোচনা সভা শেষে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।